

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ ডাক বিভাগ  
প্রকল্প পরিচালকের দপ্তর  
আর, এম, এস ডি-বিভাগ, কমলাপুর, ঢাকা-১২১৭।  
সং, দক্ষ ও বিশ্বস্ত আহ্বায়ী প্রতিষ্ঠান হতে আগ্রহ প্রকাশের অনুরোধ (২য় আহ্বান)  
Request for Expression of Interest ( E O I)

১.	মন্ত্রণালয়	:	ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
২.	সংগ্রহকারী প্রতিষ্ঠান (Procuring entity Name)	:	বাংলাদেশ ডাক বিভাগ, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা-১০০০।
৩.	সূত্র নং	:	ডি/পোস্ট বাস/২০১০, তারিখ: ২৭.০৭.২০১০ খ্রি:
৪.	E O I সংগ্রহের উদ্দেশ্য	:	ঢাকা হইতে বাংলাদেশের সর্বত্র বিভিন্ন নির্ধারিত রুটে বাসযোগে যাত্রী পরিবহনের সহিত রাষ্ট্রীয় মেইল পরিবহন।
কী- ইনফরমেশন ( Key information )			
৫.	সংগ্রহ পদ্ধতি	:	আর,এফ,পি(রিকোয়েস্ট ফর প্রোজাল)
তহবিল সংক্রান্ত তথ্য( Funding )			
৬.	তহবিলের উৎস	:	অংশীদারিত্ব ভিত্তিক
৭.	উন্নয়নের অংশীদার ( Development partners)	:	প্রযোজ্য নয়।
নির্দিষ্ট তথ্য ( Particular information)			
৮.	প্রকল্পের নাম	:	পোস্ট বাস প্রকল্প
৯.	E O I সংগ্রহের শেষ তারিখ ও সময়	:	২১ - ০৯- ২০১০ খ্রি:, বেলা ১২.০০ টা।

আবেদনকারীর জন্য তথ্য (Information for Applicant)			
১০।	<p><b>উদ্দিষ্ট কার্যের বিস্তারিত বিবরণঃ (Brief Description of assignment)ঃ</b> আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে বাংলাদেশ ডাক বিভাগের রাষ্ট্রীয় মেইল ঢাকা হইতে (পর্যায়ক্রমে সম্প্রসারিত হইবে) বাংলাদেশের সকল প্রধান ডাকঘর, জি পি ও এবং মেইল এন্ড সার্টিং অফিস সমূহে পৌঁছাইতে ও ঢাকায় ফেরত আনিতে হইবে। বাংলাদেশ ডাক বিভাগের নামে( পোস্ট বাস নামক ব্রান্ডে) এই বাস চলাচল করিবে। প্রাথমিক পর্যায়ে ঢাকা জি পি ও প্রাংগন, মিরপুর ডাকঘর, কমলাপুর মেইল এন্ড সার্টিং স্টেশন হইতে মেইল আদান প্রদান করা হইবে। উক্ত বর্ণিত কাজের জন্য ঢাকা শহরের তিনটি স্থান হইতে বাস ছাড়ার ব্যবস্থা থাকিবে, যথা- ১) ঢাকা জি পি ও প্রাংগন, ২) কমলাপুর মেইল এন্ড সার্টিং স্টেশন, ৩) মিরপুর ডাকঘর প্রাংগন। ডাক বিভাগ বাস স্টেশনের স্থান ও টিকিট বিক্রয়ের ব্যবস্থা করিবে। ঠিকাদারের পক্ষ হইতে নিজস্ব বাস প্রদান এবং পরিচালনার ব্যবস্থা করিতে হইবে।</p>		
১১.	<p><b>রুটের বিবরণঃ ১) ঢাকা - সিলেট - সুনামগঞ্জ- ঢাকা লাইন , ২)ঢাকা-রাজশাহী-চাপাইনবাবগঞ্জ-ঢাকা লাইন , ৩) ঢাকা - দিনাজপুর - পঞ্চগড়-ঢাকা লাইন , ৪) ঢাকা-রংপুর-ঢাকা লাইন , ৫) ঢাকা-খুলনা-ঢাকা-লাইন , ৬) ঢাকা - বরিশাল-পটুয়াখালি-ঢাকা লাইন &amp;</b></p>		
১২.	<p>ঠিকাদারের যোগ্যতা, অভিজ্ঞতা, সামর্থ ও কাজের শর্তাবলী ক) সরকারী নিয়ম মোতাবেক রাস্তায় চলাচলের উপযোগী এবং রাষ্ট্রীয় মেইল পরিবহনের উপযুক্ত উন্নতমানের ৩১/৫২ আসন বিশিষ্ট ২০০৫ সালের বা তৎপরবর্তী সময়ের নন-এসি বাস মেইল পরিবহনে ব্যবহার করিতে হইবে। খ) বাসের একটি নির্ধারিত অংশে ( ড্রাইভার এর পিছনে অথবা বাম পার্শ্বে অথবা বাসের পিছনে) লোহার গ্রীলের বেটনী দিয়া তথ্য মেইল ব্যাগ রাখার নিরাপদ ব্যবস্থা করিতে হইবে। গ) কোন কারণে মেইল পরিবহন কোন স্টেজ এ না করা গেলে বিকল্প উপায়ে কোম্পানীকে মেইল যথা স্থানে পৌঁছানোর ব্যবস্থা করিতে হইবে। ঘ) পরিবহন খাতে কমপক্ষে তিন/পাঁচ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। ঙ) পরিবহন কালে উদ্ভূত সমস্যা সমাধানে যথাযথ ও বিশ্বস্ত ব্যবস্থাপনার ক্ষমতা থাকিতে হইবে। চ) ব্যাক গ্যারান্টি প্রদান করিতে সক্ষমতা থাকিতে হইবে। ছ) চুক্তি সম্পন্ন হওয়ার এক মাসের মধ্যে কাজ শুরু করার ক্ষমতা থাকিতে হইবে। জ) সি এন জি চালিত বাস অগ্রাধিকার পাইবে। ঝ) আবেদন পত্রের সহিত প্রতিষ্ঠানের আয়কর প্রত্যায়ন, ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, টি আই এন সনদ, প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহৃত বিভিন্ন রুটের বাস সংখ্যা ও রুটের বর্ণনা (প্রতিটি গন্তব্যে পৌঁছার সময় উল্লেখ পূর্বক) প্রদান করিতে হইবে। ঞ) চুক্তি বন্ধ বাসের ফিটনেস/ রুট পারমিট/লাইসেন্স যথাযথ হইতে হইবে। ট) একই ধরনের কাজে যদি পূর্ব অভিজ্ঞতা থাকে তবে তাহার সনদ প্রদান করিতে হইবে। ঠ) আলোচ্য কার্যে নিয়োজিত বাস ডাক বিভাগ কর্তৃক নির্ধারিত স্টেশন সমূহে থামাইয়া মেইল আদান প্রদানে প্রয়োজনীয় সময় প্রদান করিতে হইবে। ড) ডাক বিভাগের পূর্বনুমতি ছাড়া বাসের রুট পরিবর্তন করা যাইবে না। ঢ) পারফরমেন্স গ্যারান্টি দিতে সক্ষমতা থাকিতে হইবে। ণ) সপ্তাহের সকল দিন সমূহে মেইল পরিবহন করিতে হইবে। ত) যাহারা সব চেয়ে বেশী জেলা কাভারেজ দিতে পারিবে তাহাদের অগ্রাধিকার দেয়া হইবে। থ) প্রাপ্ত আয় দরপত্র অনুযায়ী অংশীদারিত্ব ভিত্তিতে বন্টন করা হইবে। দ) চুক্তি পাঁচ বছর মেয়াদী হইবে।</p>		

সংগ্রহকারী প্রতিষ্ঠানের বিবরণ			
১৩।	EOI আহ্বান কারী	:	জনাব শাহানা জামান
১৪।	EOI আহ্বান কারীর পদবীঃ	:	ডেপুটি পোস্টমাস্টার জেনারেল
১৫।	EOI আহ্বানকারীর ঠিকানা	:	আর,এম,এস,ডি-বিভাগ,কমলাপুর,ঢাকা-১২১৭।
১৬।	EOI আহ্বানকারীর সহিত যোগাযোগ	:	টেলিফোনঃ ৯৩৩২৭০৮, ৭১৬৪০২৪, ০১৯১৫৪৮৯১৩, ০১৮১৬৬৯২০৩১ ফ্যাক্সঃ +৮৮০২-৯৫৬৩৩১৪ ইমেইলঃsudhangshusheharbhadra@yahoo.com
১৭।	EOI সংগ্রহ কারী কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া সকল অথবা যে কোন EOI অমনোনীত করার ক্ষমতা সংরক্ষণ করেন	:	

(শাহানা জামান)  
প্রকল্প ব্যবস্থাপক